**কৃষিই সমৃদ্ধি**

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**
**গাজীপুর-১৭০১**

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০২১.২৩.২৪৯৭ তারিখঃ ০৫-০১-২০২৬

**অফিস আদেশ**

যেহেতু, জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা ২৬-০৬-২০২৩ তারিখ নৈমত্তিক ছুটি নিয়ে ছুটিভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে ২৭-০৬-২০২৩ হতে ১৮-০৭-২০২৩ পর্যন্ত মোট ২২ দিন অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে ১৯-০৭-২০২৩ তারিখে কর্মস্থলে উপস্থিত হন এবং অননুমোদিত ২২ দিন চিকিৎসা ছুটি নেবেন মর্মে পুনরায় ২০-০৭-২০২৩ তারিখ ০১ (এক) দিন নৈমত্তিক ছুটির আবেদন জমা দিয়ে কর্মস্থল ত্যাগ করেন, পরবর্তীতে ২০-০৭-২০২৩ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় স্মারক নং-১২.২১.৫০৭৬.০৪৫.২৭.০৪০.২৩.৭৯৫ তারিখঃ ২৬-০৭-২০২৩ এবং স্মারক নং-১২.২১.৫০৭৬.০৪৫.২৭.০৪০.২৩.৮৪৭ তারিখঃ ১৩-০৮-২০২৩ মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে তিনি কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ২০-০৭-২০২৩ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''অসদাচরণ ও পলায়নের'' অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০২১.২৩.২৬৬৫ তারিখ: ০৪-১২-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরনী জারী করা হয়;

যেহেতু তাঁর বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে তিনি জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা লিখিত জবাব প্রদানের জন্য আরও ১০ (দশ) কার্যদিবস সময় বৃদ্ধির জন্য আবেদন করায় স্মারক নং-১২.২১.০০০০.০০৫. ২৭.০২১.২৩.৩০৫৫১১৫৪ তারিখ: ২৯-১২-২০২৩ মোতাবেক জবাব দাখিলের জন্য আরও ১০ (দশ) কার্যদিবস সময় বৃদ্ধি করা হয়। কিন্তু সে প্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোনরুপ জবাব দাখিল না করায় এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা না করায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০২১.২৩.৪৬০৪ তারিখ: ১৬-০৪-২০২৪ মোতাবেক ড. মো. আব্দুল মান্নান BARI0199, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, খামার বিভাগ, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা'র বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক ''অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুসাঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে "অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হতে ''বরখাস্ত'' করা হবে না অথবা অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরুপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা'র বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৮-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৮৩তম বোর্ড সভায় জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনাকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে ''বরখাস্ত'' করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব মো. মনিরুজ্জামান BARI0318, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা'র বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে ''অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে **''বরখাস্ত''** করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)
মহাপরিচালক
ফোনঃ ০২-৪৯২৭০০০০

**রেজি./এডিঃ**
জনাব মো. মনিরুজ্জামান
পিতা-মৃত. আবদুল বাছেদ
১৪/৩ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা।

**রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-**
জনাব মো. মনিরুজ্জামান, পিতা-মৃত. আবদুল বাছেদ
গ্রামঃ টানচারা, ডাকঘরঃ গাঙ্গেরকুট
উপজেলাঃ নবীনগর, জেলাঃ ব্রাহ্মণবাড়ীয়া।

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০২১.২৩.২৪৯৭ তারিখঃ ০৫-০১-২০২৬

অনুলিপিঃ-

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মুল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর/ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
৪. জনাব মো. মনিরুজ্জামান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বারি, ঈশ্বরদী, পাবনা
৫. জনাব মো. মনিরুজ্জামান, পিতা-মৃত.আবদুল বাছেদ, গ্রামঃ টানচারা ডাকঘরঃ গাঙ্গোরকুট, উপজেলাঃ নবীনগর, জেলাঃ ব্রাহ্মণবাড়ীয়া
৬. জনাব মো. মনিরুজ্জামান, পিতা-মৃত. আবদুল বাছেদ, ১৪/৩ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
৮. এসিআর সেল/কম্পিউটার সেল
৯. ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান খন্দকার)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬